136

ভোরের কাগজ

তারিখ 20 DEC 1997
পৃষ্ঠা ১২ কলাম ৫

# শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের ডাকে ১০ দিন ধরে ধর্মঘট চলছে

সিলেট প্রতিনিধি : শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গত ১০ দিন ধরে ছাত্র ধর্মঘট চলছে। ধর্মঘটী ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দিলে প্রশাসনিক কাজকর্মও বন্ধ রয়েছে। ফলে বিশ্ববিদ্যালয় প্রশাসনে অচলাবস্থা দেখা দিয়েছে। কর্তৃপক্ষ কয়েকবার ছাত্র নেতৃবৃন্দের সঙ্গে আলাপ করলেও এ পর্যন্ত উদ্যোগ সফল হয়নি।

শাহজালাল বিশ্ববিদ্যালয় শাখা-ছাত্রলীগ (শা-পা) তাদের ৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে গত ১০ ডিসেম্বর থেকে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট ডাকে। ধর্মঘটী ছাত্ররা প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দেয়। ফলে গত ১০ দিন ধরে প্রশাসনিক কাজকর্ম বন্ধ রয়েছে। ছাত্রলীগ প্রতিদিন ক্যাম্পাসে মিছিল সমাবেশ করছে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের ১১১ জন ছাত্রছাত্রী এক বিবৃতিতে বিরাজমান পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। তারা অবিলম্বে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি স্বাভাবিক করে ক্লাস চালুর দাবি জানিয়ে বলেন, অন্যথায় দেশের একমাত্র সেশনজটমুক্ত এ বিশ্ববিদ্যালয়েও দীর্ঘমেয়াদি সেশনজট হবে।